

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং: রাসক/১১৪৩

তারিখ: ১১/০৮/২০২৬ খ্রি.

অচল বাস নিলামের বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজের মালিকানাধীন নিম্নবর্ণিত ০২ (দুই) টি অচল বাস এক (০১)টি Lot হিসেবে সিলগালা দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী দরপত্র দাখিলের জন্য আহ্বান করা যাচ্ছে।

লট নং	বাসের বিবরণ	পরিমাণ	রেজি. নম্বর	অবস্থা
০১ (এক)	০২ (দুই) টি অচল বাস (একত্রে বিক্রয়যোগ্য)	০২ (দুই) টি	১। বাস নং: ব-১০৪০ ২। বাস নং: ব-১৭২৯	অচল

বিঃ দ্রঃ: বাস দুটি বর্তমান অবস্থায় (As is where is basis) বিক্রয় করা হবে। ক্রয়কারী পরবর্তীতে কোনো প্রকার দাবি উত্থাপন করতে পারবেন না।

নিলামের সময়সূচি:

- ১। দরপত্র (Schedule) সংগ্রহের শুরু তারিখ: ১৩/০৮/২০২৬ খ্রি. (সকাল ১০.০০টা থেকে)
- ২। দরপত্র (Schedule) সংগ্রহের শেষ তারিখ: ২০/০৮/২০২৬ খ্রি. (বিকেল ৪.০০টা পর্যন্ত)
- ৩। বাস পরিদর্শনের তারিখ ও সময়: ১৯/০৮/২০২৬ খ্রি. (সকাল ১০.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত)
- ৪। দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/০৮/২০২৬ খ্রি. (বিকেল ৩.০০টা পর্যন্ত)
- ৫। দরপত্র খোলার তারিখ ও সময়: ২৪/০৮/২০২৬ খ্রি. (বিকেল ৩.৩০টা)
- ৬। দরপত্র খোলার স্থান: অধ্যক্ষের সভাকক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। এ সময় আগ্রহী দরপত্রদাতাগণ উপস্থিত থাকতে পারবেন।

শর্তাবলী:

- ১। আগ্রহী দরদাতাগণকে প্রশাসনিক শাখা থেকে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা নগদ প্রদানপূর্বক দরপত্র দলিল/সিডিউল সংগ্রহ করতে হবে।
- ২। দরপত্র নির্ধারিত ফরমে পূরণপূর্বক প্রশাসনিক ভবনে রক্ষিত বাক্সে সিলগালা খামে জমা দিতে হবে।
- ৩। দরপত্রের সাথে বিড সিকিউরিটি বাবদ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা মানের Pay Order/Bank Draft, অধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ-এর অনুকূলে জমা দিতে হবে। বিড সিকিউরিটি ব্যতীত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৪। সর্বোচ্চ দরদাতাকে নিলাম কমিটি কর্তৃক সুপারিশ করা হবে এবং কনডেমনেশন কমিটি ও অধ্যক্ষ মহোদয়ের অনুমোদনের পর তা কার্যকর হবে।
- ৫। অনুমোদিত দরদাতাকে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সম্পূর্ণ বিক্রয়মূল্য পরিশোধ করতে হবে।
- ৬। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ পরিশোধে ব্যর্থ হলে বিড সিকিউরিটি বাজেয়াপ্ত করা হবে এবং নিলাম বাতিল বলে গণ্য হবে।
- ৭। নিলামের সম্পত্তি বর্তমান অবস্থায় বিক্রয় করা হবে। বস্তুগত ত্রুটি/অব্যবস্থা, যন্ত্রপাতি, যন্ত্রাংশ বা অন্য কোনো বিষয় নিয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৮। মালিকানা পরিবর্তন, রেজিস্ট্রেশন, নামজারি, ট্যাক্স, ফিটনেস, টোকেন, স্থানান্তর ফি ও অন্যান্য যাবতীয় ব্যয় ক্রেতাকেই বহন করতে হবে।
- ৯। কর্তৃপক্ষ যে কোনো বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১০। নিলাম সংক্রান্ত যে কোনো বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

বিস্তারিত তথ্য ও দরপত্র (Schedule) সংগ্রহের স্থান: প্রশাসনিক শাখা, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি।

যোগাযোগ: ০১৯১৩৯৭২২৮১, ০১৮৩১১০৪৯৪৬


অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা
মোবাইল: ০১৮৮৩০১১৭০১